# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

ক্রেডিট বিভাগ

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২০-২১/ ২৭৭৪(১২৫০) তারিখঃ ২৩/০৬/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহের (এসিডি-০১ ও সিএসএমই খাতে) নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং ০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এবং এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহে অত্র ব্যাংকের জন্য কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃ অর্থায়ন স্কীম (এসিডি সার্কুলার নং ০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০) এর আওতায় মোট বরাদ্দ (১১৯৯.০০ + ৫০০.০০) = ১৬৯৯.০০ কোটি টাকা এবং এসএমইএসপিডি সার্কুলার নং ০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় মোট বরাদ্দ (১৩৪.০০ + ১০৮.০০ + ১০০.০) = ৩৪২.০০ কোটি টাকা মাঠ পর্যায়ে বন্টনপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে তা অর্জনের লক্ষ্যে অত্র বিভাগ হতে বিভিন্ন দিক-নির্দেশনা মূলক পত্র জারী করা হয়েছে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ২০/০৬/২০২১ তারিখ ভিত্তিক প্রনোদনা প্যাকেজ দুটিতে অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয়কার্যালয় | এসিডি-১ | | | সিএমএসএমই | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ঢাকা | ৩১০.০০ | ৩০৬.৫৮ | ৯৮.৮৯% | ৭০.০০ | ৬৫.৪৫ | ৯৩.৫০% |
| ২ | ময়মনসিংহ | ৩৪০.০০ | ৩৩৮.৯০ | ৯৯.৬৭% | ৩৭.৫০ | ৩৫.৭৭ | ৯৫.৩৯% |
| ৩ | চট্টগ্রাম | ৯৪.০০ | ৯৩.৮৪ | ৯৯.৮২% | ৪০.০০ | ৩৯.০৮ | ৯৭.৭০% |
| ৪ | খুলনা | ৩২৬.০০ | ৩১৮.৯১ | ৯৭.৮২% | ২৬.০০ | ২১.৬৮ | ৮৩.৩৮% |
| ৫ | বরিশাল | ১৪৯.০০ | ১৪৭.০৮ | ৯৮.৭১% | ১১.০০ | ১০.৬৭ | ৯৭.০০% |
| ৬ | সিলেট | ৭১.০০ | ৭০.৬৪ | ৯৯.৪৯% | ২৬.০০ | ২৪.৭৮ | ৯৫.৩০% |
| ৭ | কুমিল্লা | ১৪২.০০ | ১৪১.৫৪ | ৯৯.৬৭% | ৫৫.০০ | ৫৩.১৫ | ৯৬.৬৪% |
| ৮ | ফরিদপুর | ১১৮.০০ | ১১৫.৮১ | ৯৮.১৪% | ২৬.৫০ | ২৫.৯৯ | ৯৮.০৮% |
| ৯ | কুষ্টিয়া | ১৪৮.০০ | ১৪৫.৭২ | ৯৮.৪৫% | ৩৬.০০ | ৩৫.০০ | ৯৭.২২% |
| ১০ | এলপিও | ১.০০ | ০.২৫ | ২৫% | ১৪.০০ | ৯.৬২ | ৬৮.৭১% |
| মোট | | ১৬৯৯.০০ | ১৬৭৯.২৭ | ৯৮.৮৩% | ৩৪২.০০ | ৩২১.১৯ | ৯৩.৯২% |

০৩। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই এসিডি-১ ও এমএসইএসপিডি সার্কুলার নং-১ এর আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে পারেনি, যা খুবই দুঃখজনক। আলোচ্য প্রনোদনা প্যাকেজসমূহের ঋণ বিতরণ কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে অত্র বিভাগ কর্তৃক সময় সময়ে বিভিন্ন পত্র জারী এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে জুম মিটিং এর মাধ্যমে বিভিন্ন নির্দেশনা দেয়া সত্বেও বিতরণ কার্যক্রমে আশানুরুপ গতি সঞ্চার হয়নি, যা কোনভাবেই কাম্য নয়। প্রারম্ভিক ধাপে প্রনোদনা প্যাকেজ বাস্তবায়নে তফসিলী ব্যাংকসমূহের মধ্যে প্রথমদিকে থাকলেও পরবর্তীতে ঋণ বিতরণ কার্যক্রম স্থিমিত হয়ে পড়েছে। ৩০/০৬/২০২১ তারিখে কৃষি খাতে বিশেষ প্রণোদনামূলক পুনঃঅর্থায়ন স্কীমের মেয়াদ এবং সিএমএসএমই (CMSME) খাতের জন্য বিশেষ ঋণ/বিনিয়োগ সুবিধা সংক্রান্ত পুনঃঅর্থায়ন স্কীমের প্রথম ধাপের মেয়াদ শেষ হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক আয়োজিত ভার্চুয়াল সভায় প্রনোদনা প্যাকেজের বিতরণ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সতর্ক করা হয়েছে।

চলমান পাতা-০২

বিষয় ঃ <u>নভেল করোনা ভাইরাস ( COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রনোদনা প্যাকেজসমূহের (এসিডি-০১ ও সিএসএমই খাতে) নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০% আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে অর্জন প্রসঙ্গে।</u>

০৪। এমতাবস্থায়, এসিডি সার্কুলার নং ০১ তারিখঃ ১৩/০৪/২০২০, এসএমইএসপিডি সার্কুলার নং-০১/২০২০ তারিখঃ ১৩/০৪/২০২০ এ প্রদত্ত, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এবং জুম মিটিং এর মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরনপূর্বক উল্লেখিত প্যাকেজ দুটির অবিতরিত অংশের ১০০% নির্ধারিত সময়সীমা অর্থ্যাৎ ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে অর্জন নিশ্চত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ প্রয়োজনবোধে নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে লক্ষ্যমাত্রা সমন্বয়পূর্বক শতভাগ অর্জনে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৩/০৬/২১

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
<u>(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)</u>

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২০-২১/ ২৭৭৪(১২৫০) তারিখঃ ২৩/০৬/২০২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। <u>উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</u>
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৩/০৬/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
<u>০২২২৩৩৮৮৯৪৯</u>